**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**24 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==============================================================

১) ৭৬ তম সাধারণতন্ত্র দিবস উদযাপনের জন্য রাজ্যের বিভিন্ন স্থানে প্রস্তুতি প্রায় সম্পূর্ণ/

২) সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় আগামীকাল রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মূর দেশবাসীর উদ্দেশ্যে ভাষণ।

৩) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার জাপানের বৈদেশিক পরিক্রমা দপ্তরের উপ-মন্ত্রীকে আসামের যুব এবং দক্ষ কর্মশক্তিকে জাপানে কাজ করার সুযোগ প্রদানের আহ্বান।

৪) সমগ্র দেশজুড়ে আজ জাতীয় কন্যা শিশু দিবস পালন। আসামেও বিভিন্ন কার্যসূচি গ্রহণ।

এবং

৫) দেশের ভোটদাতার সংখ্যা ১০০ কোটি হওয়ার পরিপ্রেক্ষিতে আগামীকাল জাতীয় ভোটদাতা দিবসের বিশেষ আয়োজন।

---------------------------------------------------------------------------------

৭৬ তম সাধারণতন্ত্র দিবস উদযাপনের জন্য রাজ্যের বিভিন্ন স্থানে প্রস্তুতি প্রায় সম্পূর্ন হয়ে উঠেছে । সাধারণতন্ত্র দিবসের সময়কালে যাতে কোনো ধরণের নাশকতামূলক ঘটনা সংগঠিত না হয় সেজন্য পুলিশ নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তুলেছে । সাধারণতন্ত্র দিবসের প্যারেডের জন্য ও ইতিমধ্যে অনুশীলন সম্পূর্ন হয়েছে । পূর্ব নির্ধারিত ঘোষনা অনুযায়ী মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা এবার ডিব্রুগড়ে জাতীয় পতাকা উত্তোলন করবেন । ডিব্রুগড়ে প্রথমবারের জন্য সাধারণতন্ত্র দিবসের মূল অনুষ্ঠান আয়োজিত হবার পরিপ্রেক্ষিতে সমগ্র শহরটিকে সুন্দরভাবে সাজিয়ে তোলা হয়েছে ।এদিকে গৌহাটীতে খানাপারার আসাম পশুপালন ও পশু চিকিৎসালয়ের খেলার মাঠে অনুষ্ঠেয় কার্যসূচীতে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য পতাকা উত্তোলন করবেন । এর জন্য গৌহাটী মহানগরীতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করে তোলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের ১০ জন উদ্যমী দিল্লীতে অনুষ্ঠেয় সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করার জন্য দিল্লীর উদ্দেশ্যে আজ রওয়ানা হয়েছে ।বিভিন্ন ক্ষেত্রে লাভ করা সাফল্যের জন্য এই উদ্যোমীদের সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে আমন্ত্রণ জানানো হয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পরামর্শ অনুযায়ি বিভিন্ন ক্ষেত্রে সফল ও দক্ষ উদ্যমী ও তাদের পরিবারের সদস্যদের জন্য কুচকাওয়াজে বিশেষভাবে আসন সংরক্ষিত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আগামী ২৬শে জানুয়ারী সাধারনতন্ত্র দিবস যথাযোগ্য মর্য্যাদায় বিভিন্ন কার্য্যসুচীর মাধ্যমে পালন করা হবে । এবছর সাধারনতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান নেতাজী সুভাসচন্দ্র বসু স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । এই অনুষ্ঠানে সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন করা হবে । এর আগে সকাল ৬টায় স্থায়ী মাইকযোগে দেশাত্মবোধক সঙ্গীতের প্রচার , সকাল ৭টায় বেসরকারী কার্য্যলয় ,বাসগৃহ , সকাল সাড়ে সাতটায় সরকারী কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে । এছাড়া সকাল ১১টায় হাসপাতালের রোগী ও জেলের কয়েদিদের মধ্যে ফল-মিষ্টি বিতরন করা হবে । জেলা প্রশাসন থেকে সাধারনতন্ত্র দিবসের কার্য্যসূচিতে অংশগ্রহনের জন্য সর্বশ্রেনীর জনগনের প্রতি আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আগামীকাল সন্ধ্যা ৭ টায় জাতীর উদ্দেশ্যে ভাষন দেবেন । আকাশবানীর সবগুলি কেন্দ্র রাষ্ট্রপতির এই ভাষন প্রচার করবে ।

এর পরিপ্রেক্ষিতে আমাদের কেন্দ্রের আঞ্চলিক সংবাদ রাত ৭ টা ৪৫ মিনিটের পরিবর্তে সাড়ে ৮ টায় প্রচার করা হবে ।

এদিকে রাজ্যপাল লক্ষ্মন প্রসাদ আচার্য সাধারণতন্ত্র দিবস উপলক্ষ্যে আগামী রবিবার সকাল ৯ টায় রাজ্যবাসীর উদ্দেশ্যে ভাষন দেবেন ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ তার জাপান সফরের তৃতীয় দিন দেশের বৈদেশিক পরিক্রমা দপ্তরের সংসদীয় উপমন্ত্রী আকিকু ইকুনাইক সহ বেশ কয়েকজন শীর্ষ শিল্পপতির সংগে সাক্ষাৎ করেন । ড: শর্মা সংসদীয় উপমন্ত্রীর সংগে সাক্ষাৎকালে ভারত তথা আসামের যুব ও দক্ষ কর্ম শক্তিকে জাপানে কাজ করার সুযোগ প্রদান সম্পর্কে মত বিনিময় করেন । এরপর মুখ্যমন্ত্রী দেশটির প্রথমসারির আর্থিক প্রতিষ্ঠান মিঝুহু সিকিউরিটিস ইন্ডিয়ার মুখ্য কার্যবাহী আধিকারিকের সংগে এক গুরুত্বপূর্ন বৈঠকে মিলিত হন । এই বৈঠকে আসামের কোম্পানীগুলিকে ক্রেডিট সুবিধা প্রদান ও জাপানী কোম্পানীর আসামে বিনিয়োগের ধারাবাহিকতা নিশ্চিত করা সম্পর্কে আলোচনা করা হয় । ড: শর্মা জাপানী বৈদ্যুতিক কারিগরি প্রতিষ্ঠান য়কগারার উপাধ্যক্ষ য়োসিয়াকি আসাকুয়ার সংগে ও বৈঠকে মিলিত হন । নুমলীগড় শোধনাগার ও ভারতীয় তেল নিগম লিমিটেডের সংগে সহযোগীতামূলকভাবে আসামে কাজ করে থাকা এই প্রতিষ্ঠানটিকে রাজ্যের ক্রমবর্ধমান বৈদুতিক ও শক্তিক্ষেত্রকে সমর্থন করার জন্য মুখ্যমন্ত্রী ড: শর্মা অনুরোধ জানান ।এর আগে সকালে মুখ্যমন্ত্রী টকিও ইলেক্ট্রন নামের প্রতিষ্ঠানটির কার্যবাহী উপাধক্ষের সংগে সাক্ষাৎ করেন ।

---

সমগ্র দেশে আজ জাতীয় কন্যা শিশুদিবস পালন করা হচ্ছে ।সমাজে কন্যা শিশুদের অধিকার , শিক্ষা , স্বাস্থ্য ও সুরক্ষা সম্পর্কে সচেতনতা সৃষ্টি করার উদ্দেশ্যে প্রতি বছর আজকের দিনে এই দিবস পালন করা হয় ।এই দিবসে প্রত্যেক কন্যা শিশুকে মর্যাদা প্রদান করা সহ কন্যা শিশুর বিকাশ , শিক্ষা ও এগিয়ে যাওয়ার ক্ষেত্রে তাদের সমান সুযোগ লাভ করা নিশ্চিত করার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করা হয় ।কন্যা শিশুদের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৫ সালের ২২ জানুয়ারী বেটি বাচাও বেটি পড়াও প্রকল্পটই চালু করেছিলেন ।কন্যা শিশুদের শিক্ষা , স্বাস্থ্য ও সুরক্ষা ত্বরান্বিত করা সহ কন্যা ভ্রুণ হত্যা , বাল্য বিবাহ এবং লিংগ বৈষম্যের মতো জটিল সমস্যা সমুহের সমাধান করার লক্ষ্যে এই প্রকল্প করা হয়েছিল ।চলতি বছরে এই দিবসের মূল মন্ত্র হচ্ছে কন্যাদের উজ্জ্বল ভবিষ্যতের

জন্য সবল করে তোলা ।উল্লেখ্য কেন্দ্রীয় মহিলা ও শিশু বিকাশ মন্ত্রনালয়ের উদ্যোগে ২০০৮ সালে দেশে প্রথমবারের জন্য জাতীয় কন্যাশিশু দিবস পালন করা হয় ।

---

আসামেও আজ দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী পালন করা হয়েছে ।আসাম রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে আজ গুয়াহাটীর নেডফি হাউস প্রেক্ষাগৃহে এই দিবস পালন করা হয় ।মরিগাঁও জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগেও আজ এই দিবস পালন করা হয় ।

---

এদিকে শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগেও আজ জাতীয় শিশু কন্যা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় শপথ বাক্য পাঠ করা হয় এবং গণ সাক্ষর সংগ্রহ করা হয়েছে ।

---

সমগ্র দেশে আগামীকাল পঞ্চদশ জাতীয় ভোটদাতা দিবস পালন করা হবে । দেশে মোট ভোটদাতার সংখ্যা প্রায় ১০০ কোটি হোয়ার পরিপ্রেক্ষিতে এবার জাতীয় ভোটদাতা দিবস বিশেষভাবে পালন করা হবে । এবছরের জাতীয় ভোটদাতা দিবসের মূলমন্ত্র হচ্ছে সকলের নিশ্চিতভাবে ভোটদান করা । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আগামীকাল নতুনদিল্লীতে জাতীয় ভোটদাতা দিবসের মূল কার্যসূচীতে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । অনুষ্ঠানে আইন ও ন্যায় বিভাগের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘোয়াল সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকা সহ মুখ্য নির্বাচন কমিশনার ও অন্য নির্বাচন কমিশনাররা অংশ গ্রহণ করবেন ।

জাতীয় ভোটদাতা দিবসের পূর্ব সন্ধ্যায় দেশের মূখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার আজ রাত ৮ টায় আকাশবানীর মাধ্যমে বিশেষ বার্তা প্রচার করবেন ।

উল্লেখ্য সরকারের নির্দেশ অনুযায়ী রাজ্যের কোনো কোনো স্থানে আজ জাতীয় ভোটদাতা দিবস পালন করা হয়েছে ।

---

গণতান্ত্রিক প্রক্রিয়ায় ভোটদানে অংশগ্রহণ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে হাইলাকান্দি জেলায়ও আজ জাতীয় ভোটার দিবস পালন করা হয়েছে ।এই উপলক্ষে জেলার সব সরকারি কার্যালয়ে ভোটদান প্রক্রিয়ায় অংশগ্রহণের অঙ্গীকার করে শপথ বাক্য পাঠ করা হয় ।জেলা আয়ুক্তের কার্যালয়ে আজ আধিকারীক ও কর্মচারীদের শপথবাক্য পাঠ করান অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবোসা ।

কাছাড় জেলার বিভিন্ন সরকারি কার্যালয় সহ জেলা আয়ুক্তের সভাকক্ষে আজ বেলা ১১ টায় এই দিবস উপলক্ষে ভোটদান প্রক্রিয়ায় অংশগ্রহণ করার অঙ্গীকার করে শপথবাক্য পাঠ করা হয় ।শ্রীভূমি জেলায় ও আজ এই দিবস উপলক্ষে বিভিন্ন সরকারি কার্যালয়ে শপথবাক্য পাঠ করা হয় ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার লালা রুরেল কলেজের ইতিহাস বিভাগের উদ্যোগে এবং ভারতীয় ইতিহাস সংকলন সমিতির শিলচর শাখার সহযোগীতায় আজ থেকে কলেজ প্রেক্ষাগৃহে দুদিনের জাতীয় পর্য্যায়ের সেমিনার শুরু হয়েছে । সেমিনারের বিষয় হচ্ছে-সাংস্কৃতিক ঐতিহ্য-সামাজিক -আর্থিক অনুবাদ এবং ভারতের উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন । সেমিনারে শ্রীমন্ত শংকর দেব বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডক্টর নিরঞ্জন কলিতা , অখিল ভারতীয় ইতিহাস সংকলন যোজনার জাতীয় সম্পাদক হেমন্ত ধিং , আসাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রধান অধ্যাপক সুর্পনা রায় , ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক ডক্টর কে এস এইচ প্রেমচন্দ্র সিংহ প্রমূখ অংশ নেন । সেমিনারে অংশগ্রহণ করে লালা রুরেল কলেজের অধ্যক্ষ ড: হিমব্রত চক্রবর্তী বলেন যে.... বাইট

-------------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজে আজ কলেজের সম্মেলন কক্ষে সদ্য প্রয়াত কলেজের প্রাক্তন উপাধ্যক্ষ ডক্টর ননীগোপাল দেবনাথের মৃত্যুতে একটি শোকসভা অনুষ্ঠিত হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরীর পৌরহিত্যে আয়োজিত শোকসভায় অধ্যাপক দেবনাথের জীবনের বিভিন্ন দিক নিয়ে কলেজের প্রাক্তন অধ্যক্ষ ডক্টর প্রনয় রঞ্জন দেব , প্রাক্তন অধ্যক্ষ ডক্টর অসীমা রায় , ডক্টর প্রভাত কুমার সিনহা , উপাধ্যক্ষ ডক্টর রাহুল চক্রবর্তী প্রমূখ বক্তব্য রাখেন । পরে তার প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন করা হয় ।

-------------------------------------------------------------------------------------